গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেনারেল ম্যানেজারের কার্যালয়
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা-১০০০
http://pliec.bdpost.gov.bd

নথি নং- ১৪.৩১.০০০০.৬০৬.১৯.০০১.১৮

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৯ সেপ্টম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

ডাক অধিদপ্তরের স্মারক নং-১৪.৩১.০০০০.০২৯.১১.০০৫.২২ (পার্ট-১)-৫৩, তারিখ-০৮/০৯/২০২৫ খ্রি: মোতাবেক **ইন্সপেক্টর অব পিএলআই** এর শূন্য পদে সরাসরি নিয়োগ পরীক্ষার মাধ্যমে অপেক্ষামান তালিকা হতে সাময়িকভাবে মনোনীত প্রার্থীদের মেধাক্রম অনুসারে ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল সার্কেল, ঢাকায় ন্যস্ত করা হয়েছে। মনোনীত প্রার্থীদের **"ইন্সপেক্টর অব পিএলআই"** (গ্রেড-১২), জাতীয় বেতন স্কেল: ১১,৩০০-২৭,৩০০/- অনুযায়ী ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল সার্কেল, ঢাকার ইন্সপেক্টর অব পিএলআই এর শূন্য পদে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

| ক্র: নং | রোল নম্বর | মেধাক্রম | নাম ও স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ১. | ১২০১১৩৪৩০ | ১১১ | নাম : MD MAHBUB ALAM SUBON<br>পিতা: MD SHAHIDULLAH<br>মাতা: LAILUN NESA<br>প্রযত্নে : MD TAUFIKUL ISLAM<br>গ্রাম : NAURI<br>ডাকঘর :TAJPUR, পোস্ট কোড : 2223<br>থানা : ISHWARGANJ, জেলা : MYMENSINGH |
| ২. | ১২০১১২৫৩২ | ১১৪ | নাম : SABARA SULTANA<br>পিতা: MONJURUL ALAM<br>মাতা: RABAKA NASRIN<br>প্রযত্নে : MONJURUL ALAM<br>গ্রাম : FULBARIA<br>ডাকঘর : FULBARIA, পোস্ট কোড : 2216<br>থানা : FULBARIA, জেলা : MYMENSINGH |
| ৩. | ১২০১৮৪৫২৫ | ১১৬ | নাম : MD. HABIBUR RAHMAN<br>পিতা: MD IDRIS ALI<br>মাতা: ASIA BEGUM<br>প্রযত্নে : MD IDRIS ALI<br>গ্রাম : HASNAI<br>ডাকঘর : MADHUPUR, পোস্ট কোড : 1996<br>থানা : MADHUPUR, জেলা : TANGAIL |

**শর্তাবলী :**

১। প্রার্থীকে আগামী ২৩/০৯/২০২৫ খ্রি: তারিখ অফিস সময়ের মধ্যে জেনারেল ম্যানেজারের কার্যালয়, ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা অফিসে যোগদান করতে হবে। অন্যথায় এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২। প্রার্থীকে যোগদানের সময় Online Applicant's Copy, শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য সকল যোগ্যতা/অভিজ্ঞতা/কোটা সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি, তিন কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্র জমা প্রদান করতে হবে। সংশ্লিষ্ট কাগজপত্রসমূহের মূল কপি যোগদানের সময় আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে। উপস্থাপিত সনদপত্র/সনদপত্রসমূহ যোগদানের পূর্বে বা যোগদানের পর যে কোন সময় ভুয়া/অসত্য প্রমাণিত হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় স্ব স্ব জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র এবং ডোপ টেস্ট সনদ দাখিল করতে হবে। স্বাস্থ্যগত যোগ্যতা সংক্রান্ত প্রচলিত সরকারি সকল নিয়ম-কানুন এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৪। প্রার্থীকে যোগদানের সময় 'যৌতুক দেব না, যৌতুক নেব না' মর্মে ৩০০/- (তিনশত) টাকা এর নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

৫। চাকুরিতে যোগদানের ০১ (এক) মাসের মধ্যে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন কার্য সম্পন্ন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে বা বিরুপ মন্তব্য পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীকে চাকুরিচ্যুত করা যাবে।

৬। প্রার্থীকে ০২ (দুই) বৎসর শিক্ষানবীশকাল অতিবাহিত করতে হবে। এই ০২ (দুই) বৎসর শিক্ষানবীশকাল সন্তোষজনক হলে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে তাকে চাকুরিতে স্থায়ী করা হবে। যদি শিক্ষানবীশকাল সন্তোষজনক না হয় তবে চাকুরি হতে অব্যাহতি দেয়া যাবে।

৭। এই নিয়োগাদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে প্রার্থীর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯, সরকারী চাকুরী আইন-২০১৮, পিও ম্যানুয়েল এর সংশ্লিষ্ট বিধির শর্তাদি, সরকারী প্রচলিত বিধিবিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধিবিধান ও আদেশ প্রযোজ্য হবে।

৮। পরবর্তী কালে প্রার্থীর কোন যোগ্যতার বা কাগজপত্রের ঘাটতি ধরা পড়লে, দূর্নীতি, সনদ জালিয়াতির প্রমান পাওয়া গেলে, স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে গড়মিল পরিলক্ষিত হলে বা অসত্য তথ্য প্রদান করলে বা উল্লেখযোগ্য (Substantive) ভুল ত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগ বাতিল বলে গন্য হবে এবং ফৌজদারি আইনে সোপর্দ করা হবে।

৯। এই নিয়োগাদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এই নিয়োগ ডাক অধিদপ্তর, সরকারের আইন, বিধিমালা, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধিবিধান / নির্দেশাবলী দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১০। এই নিয়োগপত্রে কোন ভুল ত্রুটি পরিলক্ষিত হলে যথাযথ কর্তৃপক্ষ তা সংশোধণের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। চাকুরিতে যোগদানের জন্য নিয়োগাদেশে বর্ণিত প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**স্বাক্ষরিত/-**

(মো: আলতাফুর রহমান)
জেনারেল ম্যানেজার
ফোনঃ ০২-৪১০৫২৩৭০

নথি নং- ১৪.৩১.০০০০.৬০৬.১৯.০০১.১৮

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি: সদয় অবগতির জন্য ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )**

১। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার , ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সিনিয়র পোস্টমাস্টার, ঢাকা জিপিও, ঢাকা।
৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা।
৫। সংশ্লিষ্ট প্রার্থী।
৬। সুপারিনটেনডেন্ট (অফিস), ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা (ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)।
৭। সংশ্লিষ্ট প্রার্থীগণের ব্যক্তিগত নথি/সার্ভিস বহি:।
৮-৯। নোটিশ বোর্ড / অফিস কপি ।

09.09.25

(আতিয়া সুলতানা)
ডেপুটি জেনারেল ম্যানেজার
ফোনঃ ০২-৪১০৫২৩৭৬